# সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০২০

( ২০২০ সনের ২৩ নং আইন )

## সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনকল্পে প্রণীত আইন

যেহেতু বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় পেশাগত দক্ষতা উন্নয়নে অগ্রসরমান বিশ্বের সহিত সংগতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চশিক্ষা ও গবেষণা, বিশেষ করিয়া বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের উদ্দেশ্যে সুনামগঞ্জ জেলায় সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) ‘ ‘অর্গানোগ্রাম’ ’ অর্থ আচার্য কর্তৃক অনুমোদিত অর্গানোগ্রাম;

(২) ‘ ‘অর্থ কমিটি’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি;

(৩) ‘‘অনুষদ’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ;

(৪) ’ ‘অ্যাকাডেমিক কাউন্সিল’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল;

(৫) ’ ‘অ্যাক্রেডিটেশন কাউন্সিল’ ’ অর্থ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ (২০১৭ সনের ০৯ নং আইন) এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল;

(৬) ’ ‘ইনস্টিটিউট’ ’ অর্থ বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত, অনুমোদিত বা স্থাপিত কোনো ইনস্টিটিউট;

(৭) ’ ‘কর্তৃপক্ষ’ ’ অর্থ ধারা ১৭ তে উল্লিখিত কোনো কর্তৃপক্ষ;

(৮) ’ ‘কর্মচারী’ ’ অর্থ ধারা ৮ এ উল্লিখিত কোনো কর্মচারী;

(৯) ’ ’ আচার্য’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের আচার্য;

(১০) ’ ‘ট্রেজারার’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার;

(১১) ’ ‘ডিন’ ’ অর্থ অনুষদের ডিন;

(১২) ‘পরিকল্পনা ও উন্নয়ন কমিটি’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন কমিটি;

(১৩) ’ ‘পরিচালক’ ’ অর্থ কোনো ইনস্টিটিউটের পরিচালক;

(১৪) ’ ‘পরীক্ষা নিয়ন্ত্রক’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক;

(১৫) ’ ‘প্রক্টর’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর;

(১৬) ’ ‘প্রবিধান’ ’ অর্থ ধারা ৪৩ এর অধীন প্রণীত প্রবিধান;

(১৭) ’ ‘প্রভোস্ট’ ’ অর্থ কোনো হলের প্রধান;

(১৮) ’ ‘উপউপাচার্য’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য;

(১৯) ’ ‘সিলেকশন কমিটি’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও কর্মচারী নিয়োগের সুপারিশ প্রদানের জন্য গঠিত সিলেকশন কমিটি;

(২০) ’ ‘বিশ্ববিদ্যালয় বিধি’ ’ অর্থ ধারা ৪২ এর অধীন প্রণীত বিধি;

(২১) ''বিভাগ'' অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগ;

(২২) ''বিভাগীয় চেয়ারম্যান'' অর্থ কোনো বিভাগের প্রধান;

(২৩) ''বিশ্ববিদ্যালয়'' অর্থ ধারা ৩ এর অধীন স্থাপিত সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;

(২৪) ''বোর্ড অব গভর্নরস'' অর্থ ইনস্টিটিউটের বোর্ড অব গভর্নরস;

(২৫) ''উপাচার্য'' অর্থ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য;

(২৬) ''মঞ্জুরি কমিশন'' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (President's Order No. 10 of 1973) এর অধীন গঠিত University Grants Commission of Bangladesh;

(২৭) ''মঞ্জুরি কমিশন আদেশ'' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (President's Order No. 10 of 1973);

(২৮) ''রেজিস্টার্ড গ্র্যাজুয়েট'' অর্থ এই আইনের বিধান অনুযায়ী রেজিস্টার্ড গ্র্যাজুয়েট;

(২৯) ‘রেজিস্ট্রার’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(৩০) ’ ‘শিক্ষক’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোনো ব্যক্তি;

(৩১) ’ ‘শিক্ষার্থী’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত কোনো শিক্ষার্থী;

(৩২) ’ ‘সংবিধি’ ’ অর্থ ধারা ৪১ এর অধীন প্রণীত সংবিধি;

(৩৩) ’ ‘সংস্থা’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো সংস্থা;

(৩৪) ’ ‘সিন্ডিকেট’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট; এবং

(৩৫) ’ ‘হল’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বসবাসের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় পরিচালিত ছাত্রাবাস।

**বিশ্ববিদ্যালয় স্থাপন**

৩। (১) এই আইনের বিধান অনুযায়ী সুনামগঞ্জ জেলার দেখার হাওড় পাড়ে সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (Sunamgonj Science and Technology University) নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে।